

# শিক্ষায় দুর্নীতি রোধ মাউশির মনিটরিং জোরদার করার পরামর্শ দুদকের

প্রকাশ | ১৯ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০

নিজস্ব প্রতিবেদক

শিক্ষা প্রশাসনে দুর্নীতি রোধে মনিটরিং জোরদার করার পরামর্শ দিয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে গতকাল দুদকের অভিযানকালে এ পরামর্শ দেওয়া হয়। অনুরোধ করা হয় যে কোনো দুর্নীতির অভিযোগ তাৎক্ষণিকভাবে দুদককে জানানোর। দুদকের সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরে (মাউশি) বদলি ও পদায়নে ব্যাপক ঘূষ

লেনদেন হচ্ছে; দুর্নীতির কারণে এসব কার্যক্রমে পুরো স্বচ্ছতা আসছে না। দুদকের অভিযোগ কেন্দ্রে এমন অভিযোগ জমা হয়। এর ভিত্তিতে মাউশিতে অভিযান চালায় দুদকের সহকারী পরিচালক মঙ্গনুল হাসান রওশনীর নেতৃত্বে তিন সদস্যের একটি দল। বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, দুদকের পক্ষ থেকে অবৈধ কোচিং ব্যবসায় জড়িত ২৫ শিক্ষকের যে তালিকা দেওয়া হয়েছিল, তাদের বিষয়ে কী পদক্ষেপ নেওয়া হয়েছে। এমন প্রশ্নে প্রতিনিধি দলকে মাউশি মহাপরিচালক জানান, শিক্ষকদের ঢাকার বাইরে শাস্তিমূলকভাবে বদলি করা হয়েছে। পরবর্তী সময়ে তাদের ঢাকায় বদলির কোনো আবেদন বিবেচনায় আনা হবে না।

এনফোর্সমেন্ট অভিযানের সমন্বয়কারী দুদকের মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মাদ মুনীর চৌধুরী জানান, শিক্ষা ক্ষেত্রে বিরাজমান অনিয়ম ও দুর্নীতি ঠেকাতে দুদকের এ অভিযান। এই সেট্রটি দুর্নীতিমুক্ত হলে এর ইতিবাচক প্রভাব পড়বে সব সেট্রে।

দুদকের অভিযান প্রসঙ্গে মাউশির মহাপরিচালক অধ্যাপক মাহাবুবুর রহমান আমাদের সময়কে বলেন, দুদকের একটি প্রতিনিধি দল এসেছিল। তারা এখানকার কার্যক্রমের প্রক্রিয়া সম্পর্কে জানতে চাইলে ধারণা দেওয়া হয়।